গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
www.kasba.brahmanbaria.gov.bd

## হাট- বাজার ইজারা বিজ্ঞপ্তি

ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন কসবা উপজেলার ভৌগলিক সীমার মধ্যে (পৌরসভা ব্যতীত) অবস্থিত নিম্ন তফসিলভুক্ত হাট-বাজারসমূহ ১৪২৯ বাংলা সনের জন্য (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ১ বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র ক্রম | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র মূল্যায়ন তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ম দরপত্র | ২০/০৩/২০২২ খ্রি: বিকাল ৫.০০টা পর্যন্ত | ২১/০৩/২০২২ খ্রি: বেলা- ১.০০ টা পর্যন্ত | ২১/০৩/২০২২ খ্রি: বেলা- ৪.০০ ঘটিকা | ২১/০৩/২০২২ খ্রি: বেলা- ৪.৩০ ঘটিকা |
| ২য় দরপত্র | ৩০/০৩/২০২২ খ্রি: বিকাল ৫.০০টা পর্যন্ত | ৩১/০৩/২০২২ খ্রি: বেলা- ১.০০টা পর্যন্ত | ৩১/০৩/২০২২ খ্রি: বেলা- ৪.০০ ঘটিকা | ৩১/০৩/২০২২ খ্রি: বেলা- ৪.৩০ ঘটিকা |
| ৩য় দরপত্র | ১২/০৪/২০২২ খ্রি: বিকাল ৫.০০টা পর্যন্ত | ১৩/০৪/২০২২ খ্রি: বেলা- ১.০০টা পর্যন্ত | ১৩/০৪/২০২২ খ্রি: বেলা- ৪.০০ ঘটিকা | ১৩/০৪/২০২২ খ্রি: বেলা- ৪.৩০ ঘটিকা |

১৪২৯ বাংলা সনের ইজারাযোগ্য হাট- বাজারের তালিকা, ধর্তব্যমূল্য ও দরপত্রের মূল্য সংক্রান্ত বিবরণ:

| ক্র: নং | হাট- বাজারের নাম | ইউনিয়ন এর নাম | সরকারি ইজারা মূল্য | দরপত্রের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|
| ১. | নয়নপুর গরুর বাজার | বায়েক ইউপি | = ৩৮,৭৯,৩৩৪/- | ৮,৪০০.০০ |
| ২. | নয়নপুর তোহা বাজার | বায়েক ইউপি | = ৩,০৬,১৬৬/- | ১,৪০০.০০ |
| ৩. | হরিপুর বাজার | বায়েক ইউপি | = ১৬,৮৬৭/- | ৫০০.০০ |
| ৪. | মাদলা বাজার | বায়েক ইউপি | = ৩,০১৬/- | ৫০০.০০ |
| ৫. | খাদলা মুক্তিযোদ্ধা বাজার | বায়েক ইউপি | = ৪,৩১২/- | ৫০০.০০ |
| ৬. | কুটি তোহা বাজার | কুটি ইউপি | =৪৫,৫৪২/- | ৫০০.০০ |
| ৭. | মাইজখার বাজার | কুটি ইউপি | = ৪,১০৭/- | ৫০০.০০ |
| ৮. | খেওড়া বাজার | মেহারী ইউপি | =৩,৬৬৬/- | ৫০০.০০ |
| ৯. | শিমরাইল বাজার | মেহারী ইউপি | = ৩,৩৫৯/- | ৫০০.০০ |
| ১০. | মন্দভাগ বাজার | কায়েমপুর ইউপি | = ১,৩০,৩৬৮/- | ১,০০০.০০ |
| ১১. | কায়েমপুর বাজার | কায়েমপুর ইউপি | = ১০,৬৩৪/- | ৫০০.০০ |
| ১২. | পানিয়ারূপ বাজার | কায়েমপুর ইউপি | = ৫,৩৫৩/- | ৫০০.০০ |
| ১৩. | মইনপুর বাজার | কায়েমপুর ইউপি | = ১,২২,৫২১/- | ১,০০০.০০ |
| ১৪. | গোপীনাথপুর গরুর বাজার | গোপীনাথপুর ইউপি | = ৪,৬৪,২০০/- | ১,৬০০.০০ |
| ১৫. | গোপীনাথপুর উত্তর পূর্ব চকবাজার | গোপীনাথপুর ইউপি | = ৫,৭৯২/- | ৫০০.০০ |
| ১৬. | গোপীনাথপুর তোহা বাজার | গোপীনাথপুর ইউপি | = ৬৪,৯০০/- | ৫,০০.০০ |
| ১৭. | জয়নগর বাজার | গোপীনাথপুর ইউপি | = ৭৯,২২২/- | ৫০০.০০ |
| ১৮. | চন্ডিদ্বার বাজার | গোপীনাথপুর ইউপি | = ২২,৯৫৩/- | ৫০০.০০ |
| ১৯. | চারগাছ বাজার | মুলগ্রাম ইউপি | = ৪,০৩২/- | ৫০০.০০ |
| ২০. | মূলগ্রাম বাজার | মুলগ্রাম ইউপি | = ২,২০০/- | ৫০০.০০ |
| ২১. | শ্যামবাড়ী বাজার | মুলগ্রাম ইউপি | = ৩,৬৬৭/- | ৫০০.০০ |
| ২২. | ময়দাগঞ্জ বাজার | মুলগ্রাম ইউপি | = ১,৪৬৭/- | ৫০০.০০ |
| ২৩. | বাদৈর বাজার | বাদৈর ইউপি | = ৯,১২২/- | ৫০০.০০ |
| ২৪. | খাড়েরা বাজার | খাড়েরা ইউপি | = ৪,৮০৪/- | ৫০০.০০ |
| ২৫. | দেলী বাজার | খাড়েরা ইউপি | = ২,৭০৬/- | ৫০০.০০ |
| ২৬. | মনকাশাইর বাজার | খাড়েরা ইউপি | = ২৫,৯৩১/- | ৫০০.০০ |
| ২৭. | নেমতাবাদ বাজার | বিনাউটি ইউপি | = ১,৪৬৭/- | ৫০০.০০ |
| ২৮. | সৈয়দাবাদ বাজার | বিনাউটি ইউপি | = ১,৫৪০/- | ৫০০.০০ |
| ২৯. | রাউৎহাট বাজার | বিনাউটি ইউপি | = ৯,০২০/- | ৫০০.০০ |

শর্তাবলী: অফিস চলাকালীন সময়ে যাবতীয় তথ্যাদি জানা যাবে।

১.বাংলা ১৪২৯ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট- বাজার ইজারা দেয়া হবে।

Tendar-6

Scanned with CamScanner

২. দরপত্রের আবেদন ফরম (সিডিউল) নির্ধারিত মূল্য অফেরতযোগ্য নগদ জমাদানপূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কসবা, উপজেলা ভূমি অফিস, কসবা, সোনালী ব্যাংক, কসবা শাখা, কসবা থানা ও জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া হতে ক্রয় করা যাবে।

৩. দরপত্র গ্রহণের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে বেলা ১.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে এবং ঐ দিন বেলা ৪.০০ ঘটিকার সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দর দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

৪. দরপত্রের সাথে উল্লিখিত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, কসবা বরাবরে জমা দিতে হবে। এর ব্যত্যয় ঘটলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত অর্থ হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ শর্ত সাপেক্ষে জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট- বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা ইজারাদার/ জমাকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে।

৫. দরপত্র গৃহীত হলে, পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% অর্থ মূল্য সংযোজন কর(ভ্যাট) অবশ্যই একসাথে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৬. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট- বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৭. এক হাট- বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট- বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক তারিখের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য তারিখের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৮. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৯. সরকার অনুমোদিত টোলরেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে সার্বক্ষণিক টোল চার্ট প্রদর্শন করবেন।

১০. ইজারাদার কোনক্রমে অন্যের নিকট সাব - লিজ দিতে পারবেন না।

১১. ইজারার অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিন শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

১২. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. হাট- বাজারের ইজারার টাকা পরিশোধ না করলে তা সরকারী দাবী আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫. দরপত্রে কোন প্রকার কাটাকাটি ঘষামজা, লেখার উপর লেখা থাকলে তা গ্রহণযোগ্য হবে না।

১৬. চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৭. অনুমোদিত গরুর হাট ব্যতীত অন্য কোন স্থানে বা হাটে গরু কেনা-বেচা করা যাবে না।

১৮. ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাবলী ও বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

৯/৩/২২
মাসুদ উল আলম
উপজেলা নির্বাহী অফিসার
কসবা, ব্রাহ্মণবাড়িয়া
ফোন-০৮৫২৪-৭৩০০৯
ফ্যাক্স-০৮৫২৪-৭৩০২৫
E-mail: unokasba@mopa.gov.bd

চলমান-৩



Scanned with CamScanner

স্মারক নং-০০.০০.১২০২.৫৬৩.৩৭.০০১.২১- ১৪৩(১৫০) তারিখ: ০১/০৩/২০২২ খ্রি.

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে।

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়া।
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৬. মেয়র, কসবা পৌরসভা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৭. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৮. সহকারী কমিশনার (ভূমি), কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৯. উপজেলা কৃষি অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা প্রকৌশলী, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
১০. অফিসার ইনচার্জ, কসবা থানা, ব্রাহ্মণবাড়িয়া।
১১. চেয়ারম্যান..........................................................(সকল) ইউপি, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
১২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কসবা শাখা, ব্রাহ্মণবাড়িয়া।
১৩. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..................................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, কসবা, তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হ'ল।
১৪. সম্পাদক, দৈনিক..................................................................স্থানীয় ও জাতীয় পত্রিকা। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী সংখ্যায় দৈর্ঘ্য- ১ ফুট- ১ ইঞ্চি এবং প্রস্ত ৭ ইঞ্চি স্বল্প পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
১৫. জনাব.............................................................................................................................
সাবেক ইজারাদার..........................................বাজার, কসবা।
১৬. নোটিশ বোর্ড, অত্রাফিস।

(স্বাক্ষরিত) ১/৩/22

উপজেলা নির্বাহী অফিসার
কসবা, ব্রাহ্মণবাড়িয়া

Scanned with CamScanner